

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড



বরিশাল

বিষয় : করোনা পরিস্থিতিতে শিক্ষাকার্যক্রম চলমান রাখতে সংসদ টেলিভিশন, ফেইসবুকপেজ, কিশোর বাতায়ন সহ Barisal Online School এর ক্লাশসমূহ শিক্ষার্থীদের দেখা নিশ্চিত করা প্রসঙ্গে -

বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ডের আওতাধীন সকল অধ্যক্ষ মহোদয়, প্রধান শিক্ষক, শিক্ষক এবং অভিভাবকের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বৈশ্বিক মহামারি করোণার কারণে শিক্ষার্থীদের নিরাপত্তার কথা বিবেচনা করে সারা বিশ্বের সাথে আমাদের দেশের শিক্ষাপ্রতিষ্ঠান সমূহ বন্ধ রয়েছে - যা আগামী ০৬.০৮.২০২০ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। যার ফলে শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম দারুণভাবে ব্যাহত হচ্ছে।

এই সমস্যা কাটিয়ে ওঠার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় শিক্ষামন্ত্রণালয়, মাউশি ও এটুআইয়ের উদ্যোগে সংসদ বাংলাদেশ টেলিভিশন, ফেইসবুক পেজ, কিশোর বাতায়ন এবং অন্যান্য বিভাগের ন্যায় বরিশাল বিভাগের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের সম্মানিত অধ্যাপক ও শিক্ষকগণ স্ব উদ্যোগে Barisal Online School ফেইসবুক পেজে অনলাইন শিক্ষাকার্যক্রম চালাচ্ছেন।


উল্লেখ্য, অনলাইন শিক্ষাকার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সকল সম্মানিত অধ্যাপক ও শিক্ষকমন্ডলীর নিম্নোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি -

(ক) অনলাইন ক্লাশ কার্যক্রমে কোন প্রকার ধর্মীয় উস্কানীমূলক, সাম্প্রদায়িক মনোভাবাপন্ন সংলাপ, ছবি বা কনটেন্ট ব্যবহার করা যাবে না।

(খ) মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী কোন কর্মকান্ড প্রচারনা বা উপস্থাপনা করা যাবে না।

(গ) সরকার ও সরকারি উন্নয়ন কর্মকান্ড বিরোধী কোন বক্তব্য, সংলাপ, ছবি বা কনটেন্ট ব্যবহার করা যাবে না।

তাই শিক্ষার্থীদের ভবিষ্যত চিন্তাকরে তাদেরকে সংসদ বাংলাদেশ টেলিভিশন, ফেইসবুক পেজ, কিশোর বাতায়নসহ Barisal Online School এর ক্লাশ সমূহ দেখা নিশ্চিতকরণের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা গেল।

 ২২/০৬/২০২০

প্রফেসর মোহাম্মদ ইউনুস

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড

বরিশাল।